

## মানবিকতার টানে ওরা গিয়েছিল রাতের আঁধারে

ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজবাড়ী জেলার সাবেক কো-অর্ডিনেটর সাগর আহমেদ এর উদ্যোগে



রাজবাড়ী সদর উপজেলার মৃগী ইউনিয়নে অসচ্ছল খেটে খাওয়া মানুষের কাছে উপহার সামগ্রী হিসেবে খাদ্য উপকরণ পৌঁছে দেওয়া হয়েছে। কার্যক্রমটি তারা মানুষের অগোচরে রাতের বেলায় সম্পাদন করে। প্রত্যেককে পাঁচ কেজি চাল, দুই কেজি আটা, এক কেজি আলু, এক কেজি ডাল, এক কেজি তেল এবং একটি সাবান দেওয়া হয়। এ পর্যন্ত তারা ৫০টি পরিবারকে সহযোগিতা করেছেন।

এই মানবিক উদ্যোগে যুক্ত রয়েছেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজবাড়ী জেলার সমন্বয়ক আনিস আহমেদ, কামরুল ইসলাম, রাকিব আহমেদ প্রমুখ। ইয়ুথ লিডারদের নিজেদের দেওয়া চাঁদার পাশাপাশি এই কাজে আর্থিক সহায়তা করেন স্বপন হোসেন, স্থানীয় ইউপি সদস্য মোস্তফা কামাল এবং রাজনৈতিক নেতা নূরে আলম সিদ্দিকী হক।



গত ১১ এপ্রিলে শুরু হয়ে তাদের এ কর্মসূচি এখনও চলমান রয়েছে।

প্রতিবেদ: সাগর আহমেদ, রাজবাড়ী

## স্বাস্থ্য তরুণ্য রাখবে করোনা

## ইয়ুথ এন্ডিং হাঙ্গারের তরুণদের করোনাপ্রতিরোধ কার্যক্রম

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশে এর সদস্য তরুণ স্বৈচ্ছাসেবকরা করোনাভাইরাস প্রতিরোধ এবং সাম্প্রতিক পরিস্থিতিতে সংকটগ্রস্থ মানুষের সহায়তায় সারা দেশে নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সামাজিক দায়িত্ববোধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে তারা নিজেদের সুরক্ষিত রেখে নিজেদের এলাকাকে সুরক্ষিত রাখার কাজে নিয়োজিত করেছে। একইসাথে নিজেরা চাঁদা দিয়ে এবং স্থানীয়ভাবে অন্যদের সহায়তা নিয়ে মানবিক সহায়তা কর্মসূচি পরিচালনা করছে। তাদের কয়েকটি কার্যক্রমের তথ্য সংক্ষেপে নিচে তুলে ধর হল:

### মেহেরপুর

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়নের মুন্দা গ্রামে ইয়ুথ সদস্যদের উদ্যোগে জীবাণুনাশক ওষুধ ছিটানো হয়েছে। ২০১৭ সালে অনুষ্ঠিত ৬৫৮তম ইয়ুথ লিডারশীপ ট্রেনিং ব্যাচের ইয়ুথ লিডার মোঃ আশিক আলীর উদ্যোগে গত ১৭ এপ্রিল মুন্দা গ্রামে ১০৫টি পরিবারের বসত ভিটায় জীবাণুনাশক ওষুধ ছিটানো হয়। সম্প্রতি চলমান করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি থেকে গ্রামকে সুরক্ষিত রাখতে তাদের এই উদ্যোগ।

স্থানীয় গ্রাম উন্নয়ন দলের (ভিডিটি) সহায়তায় চলমান এ কার্যক্রমে সাতজন ইয়ুথ লিডার নেতৃত্ব দিচ্ছেন।

প্রতিবেদন: আহসান হাবিব।



## সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি

গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের গ্রামভিত্তিক ইয়ুথ এন্ডিং হাঙ্গার ইউনিটের উদ্যোগে ২৫টি পরিবারের মধ্যে খাবার সামগ্রী বিতরণ করা হয়েছে। গত ১৮ এপ্রিল রামদেবপুর গ্রামে মালিয়াপাড়া ইয়ুথ ইউনিটের নিজস্ব তহবিল থেকে এই সাহায্য দেওয়া হয়। পাঁচ কেজি চাল, এক লিটার তেল, ২৫০ গ্রাম ডাল, দুই কেজি আলু, এক কেজি লবণসহ খাবার সামগ্রী দিয়ে সহায়তা করা হয় অর্থিক সংকটে থাকা পরিবারগুলোকে।

ইয়ুথ এন্ডিং হাঙ্গারের নেতা মোঃ কামালের নেতৃত্বে কাজটি সফলভাবে বাস্তবায়ন করতে বিশেষ ভূমিকা রাখেন এলাকার পাঁচজন ইয়ুথ লিডার। তাদের এই মানবিক উদ্যোগ এলাকায় প্রশংসিত হচ্ছে।

প্রতিবেদন: মোঃ হেলাল উদ্দীন হাসান।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

✉ yeh.bd@thp.org

🌐 yeh.thpbd.org | thpbd.org

📌 facebook.com/YEHBD

📍 হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭।  
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬

THE  
HUNGER  
PROJECT